

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়  
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর  
(শৃঙ্খলা ও তদন্ত উপশাখা)  
১৯৬, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি,  
বিজয় নগর, ঢাকা-১০০০।  
www.dife.gov.bd

নং-৪০.০১.০০০০.০০০.১০১.২৭.০০০৩.১৭-৩৩৮-৭

তারিখঃ ২৩ চৈত্র ১৪৩২  
০৬ এপ্রিল ২০২৬

### আদেশ

যেহেতু, জনাব উজ্জ্বল দেব, শ্রম পরিদর্শক (সাধারণ), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরাধীন উপমহাপরিদর্শকের কার্যালয়, গাজীপুরে কর্মরত থাকা অবস্থায় তার আবেদনের প্রেক্ষিতে অত্র দপ্তর কর্তৃক মঞ্জুরকৃত ১৪-১১-২০২৩ খ্রি. তারিখ হতে ১৩-১২-২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত ৩০ (ত্রিশ) দিনের বহিঃবাংলাদেশ ছুটি সমাপ্ত হলেও তিনি কর্মস্থলে যোগদান করেননি। ফলশ্রুতিতে, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(গ) অনুযায়ী ‘পলায়ন (desertion)’ এর অভিযোগে অভিযুক্ত করে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা নং-০৫/২০২৪ রুজু করা হয়; এবং

যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(ঘ) অনুযায়ী কেন তার অননুমোদিত অনুপস্থিতির তারিখ (১৪-১২-২০২৩ খ্রি.) হতে চাকুরী থেকে বরখাস্ত (Dismissal from service) করা হবেনা তা জানতে চেয়ে বিভাগীয় মামলা নং-০৫/২০২৪ রুজুপূর্বক ১৫-০৮-২০২৪ খ্রি. তারিখে তার বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা ও ব্যক্তিগত ই-মেইলে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়। তিনি কোনো জবাব দাখিল না করায় কিংবা কর্মস্থলে যোগদান না করায় বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য ১৪-০১-২০২৫ খ্রি. তারিখে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন অনুযায়ী তার বিরুদ্ধে আনীত ‘পলায়ন (desertion)’ এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়; এবং

যেহেতু, জনাব উজ্জ্বল দেব, শ্রম পরিদর্শক (সাধারণ)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(ঘ) অনুযায়ী কেন তার অননুমোদিত অনুপস্থিতির তারিখ (১৪-১২-২০২৩ খ্রি.) হতে চাকুরী থেকে বরখাস্ত (Dismissal from service) করা হবেনা তা জানতে চেয়ে ০৭ (সাত) কার্যদিবসের সময় দিয়ে ২৭-০৪-২০২৫ খ্রি. তারিখে তার স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা ও ব্যক্তিগত ই-মেইলে ২য় কারণ দর্শানো নোটিশ প্রেরণ করা হয়; যা দেশের দুটি বহল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকায় (প্রথম আলো ও নয়া দিগন্ত) প্রকাশ করা হয়; এবং

যেহেতু, জনাব উজ্জ্বল দেব, শ্রম পরিদর্শক (সাধারণ)-এর নিকট থেকে ২য় কারণ দর্শানো নোটিশের জবাব না পাওয়ায় তাকে চাকুরী থেকে বরখাস্তের (Dismissal from service) গুরুদণ্ড আরোপের সিদ্ধান্ত গৃহীত হয় এবং বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের সুপারিশের জন্য বর্ণিত কর্মচারীর নথি ০৬-১০-২০২৫ খ্রি. তারিখের ৪০.০১.০০০০.০০০.১০১.২৭.০০০৩.১৭.১১১ নম্বর স্মারকে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। তৎপ্রেক্ষিতে, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(ঘ) অনুযায়ী জনাব উজ্জ্বল দেব, শ্রম পরিদর্শক (সাধারণ)-কে “চাকুরী হইতে বরখাস্তকরণ” সূচক গুরুদণ্ড আরোপের সিদ্ধান্তের সাথে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন একমত পোষণ করেন; এবং

সেহেতু, জনাব উজ্জ্বল দেব, শ্রম পরিদর্শক (সাধারণ), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরাধীন উপমহাপরিদর্শকের কার্যালয়, গাজীপুর-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(ঘ) মোতাবেক “চাকুরী হইতে বরখাস্তকরণ” (Dismissal from service) গুরুদণ্ডে দণ্ডিত করা হলো।

জনস্বার্থে জারিকৃত এ আদেশ ১৪-১২-২০২৩ খি. তারিখ হতে কার্যকর হবে।



(ওমর মোঃ ইমরুল মহসিন)  
মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব)  
+৮৮-০২-২২৬৬৬৪২০২ (ফোন)  
+৮৮-০২-২২৬৬৬৪২০৩ (ফ্যাক্স)  
ig@dife.gov.bd

নং-৪০.০১.০০০০.০০০.১০১.২৭.০০০৩.১৭-১৩৮/১(১৬)

তারিখঃ ২৩ চৈত্র ১৪৩২  
০৬ এপ্রিল ২০২৬

**বিতরণ: জ্ঞাতার্থে/কার্যার্থে-**

- ১। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা;
- ২। অতিরিক্ত মহাপরিদর্শক (যুগ্ম সচিব), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;
- ৩। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশপূর্বক অধিদপ্তরে প্রেরণের অনুরোধসহ);
- ৪। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৬। যুগ্ম মহাপরিদর্শক, প্রশাসন অধিশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;
- ৭। চিফ অ্যাকাউন্টস এন্ড ফাইন্যান্স অফিসার, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা;
- ৮। উপমহাপরিদর্শক, উপমহাপরিদর্শকের কার্যালয়, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, গাজীপুর;
- ৯। জেলা অ্যাকাউন্টস এন্ড ফাইন্যান্স অফিসার, গাজীপুর;
- ১০। উপমহাপরিদর্শক, মানব সম্পদ উন্নয়ন শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;
- ১১। উপমহাপরিদর্শক, প্রশাসন শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;
- ১২। ডোসিয়ার সংরক্ষণকারী কর্মকর্তা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;
- ১৩। জনাব উজ্জ্বল দেব, শ্রম পরিদর্শক (সাধারণ), উপমহাপরিদর্শকের কার্যালয়, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, গাজীপুর;
- ১৪। জনাব উজ্জ্বল দেব, শ্রম পরিদর্শক (সাধারণ) এর ব্যক্তিগত নথি;
- ১৫। শ্রম পরিদর্শক (স্বাস্থ্য), আইসিটি সেল, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ); এবং
- ১৬। অফিস কপি/গার্ড ফাইল।



(ওমর মোঃ ইমরুল মহসিন)  
মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব)